# দেবহাটা উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২১ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-০৯/২০২১)

www.debhata.satkhira.gov.bd

সভাপতি : জনাব আলহাজ্ব মোঃ মুজিবর রহমান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা।

তারিখ : ১৬ সেপ্টেম্বর ২০২১, বৃহস্পতিবার।

সময় : সকাল ১১:০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানান এবং দিনের কর্মসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার দিনের কর্মসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ বিষয় ভিত্তিক আলোচনা এবং বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত আগষ্ট/২০২১ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা অনুমোদানের জন্য প্রস্তাব রাখা হয়। | আগষ্ট/২০২১ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা । |
| ০২. | স্থায়ী কমিটি সমূহের সভা | স্থায়ী কমিটিসমূহের সভা নিয়মিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হয়। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ বিধিমোতাবেক নিয়মিতভাবে সভা আহ্বান করবেন এবং নির্দিষ্ট সময়ের মধ্যে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট দপ্তরসমূহে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটির সদস্য সচিবগণ এবং সংশ্লিষ্ট সকল। |
| ০৩ | উপজেলা প্রকৌশল দপ্তর : | | | |
| | এডিপি ও রাজস্ব উদ্বৃত্ত-২০২১-২২ | **উপজেলা প্রকৌশলীর আলোচনাঃ-** এডিপি ও রাজস্ব উদ্বৃত্ত- ২০২১-২২ এর আওতায় বিভিন্ন দপ্তর/অফিস হতে স্কীমের তালিকা দাখিল করা হয়েছে। যাচাই-বাছাইয়ের জন্য তালিকা প্রণয়ন প্রক্রিয়া চলমান। | বিস্তারিত আলোচনান্তে জরুরী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী, দেবহাটা, সাতক্ষীরা। |
| | কোভিড-১৯ | স্থানীয় সরকার বিভাগ হতে স্মারক নং- ৪৫৪ তারিখ: ১৬/০৮/২০২১ খ্রিঃ মূলে কোভিড-১৯ প্রতিরোধকল্পে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এ্যান্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার ইত্যাদি বিনামূল্যে বিতরনের লক্ষ্যে ৩.৮৯ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। জরুরীভাবে ক্রয়ের লক্ষ্যে ক্রয় পদ্ধতি নির্ধারন ও অনুমোদন প্রয়োজন। | বিস্তারিত আলোচনান্তে উল্লিখিত মালামাল জরুরীভাবে ক্রয়ের লক্ষ্যে RFQ পদ্ধতি অনুসরণ করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য সকলে একমত পোষন ও সিদ্ধান্ত গ্রহণ করেন। | |
| ০৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে,<br>১। ২০২১-২০২০ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/ কাবিখা- খাদ্যশস্য/নগদ অর্থ) কর্মসূচীর আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায়ে মোট ০৬টি প্রকল্পের অনুকূলে ১৮,৮৯,৭৩১/- ও খাদ্যশস্য ৩৯.৯৮৬ মেঃটন চাল ও ৩৯.৯৮৬ মেঃ টন গম বরাদ্দ পাওয়া যায়। প্রকল্পের নামের তালিকা চুড়ান্ত অনুমোদনের জন্য জেলা প্রশাসক মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে।<br>২। ২০২১-২০২০ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা- খাদ্যশস্য/নগদ অর্থ) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ওয়ারী সাধারণ ১ম পর্যায়ে মোট ২১টি প্রকল্পের অনুকূলে ২৯,৬১,৬০৬/৩১ ও খাদ্যশস্য ৬২.৬৬৬৭ মেঃটন চাল ও ৬২.৬৬৬৭ মেঃটন গম বরাদ্দ পাওয়া যায়। প্রকল্পের নামের তালিকা চুড়ান্ত অনুমোদনের জন্য জেলা প্রশাসক মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে।<br>৩। ২০২১-২২ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষন (টিআর) নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায়ে নির্বাচনী এলাকায় সর্বমোট ৪৯,৫৭,৬৬৬/৬৬ টাকার বরাদ্দ পাওয়া যায়। তার মধ্যে হতে মাননীয় সংসদ সদস্য মহোদয় দেবহাটা | বিধেমোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলায় বরাদ্দ ও প্রকল্পের নামের তালিকা স্বাক্ষরপূর্বক প্রেরণ করেননি।<br>০৪। ২০২১-২২ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষণ (টিআর) উপজেলা পরিষদ ভিত্তিক ১ম পর্যায়ে ১৭,৩৪,৩৪৪/৭৮ টাকার বরাদ্দ পাওয়া যায়। প্রকল্পের তালিকা ইউনিয়ন চেয়ারম্যানদের নিকট হতে পাওয়া যায়নি।<br>০৫। মুজিব শতবর্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর আওতায় অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্পে দেবহাটা উপজেলায় ১১ জন বীর মুক্তিযোদ্ধাদের গৃহ নির্মানের জন্য সিডিউল বিক্রয় প্রক্রিয়াধীন রয়েছে।<br>এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৫ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম বিধি মোতাবেক চলছে। | বিধিমোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, দেবহাটা। |
| ০৬ | উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে,<br>আগাম শীতকালীন শাক সবজী রোপন কার্যক্রম শুরু হয়েছে এবং ২০ হেক্টর জমিতে সবজী আবাদ সম্পন্ন হয়েছে। নিরাপদ সবজী উৎপাদনের লক্ষ্যে নতুন রোগ ও পোকা মকড় প্রতিরোধী জাতের সবজী চাষাবাদ করার জন্য উন্নত জাতের বীজ বপন করার জন্য মাঠ পর্যায়ে পরামর্শ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। ক্ষতিকর কিটনাশক মুক্ত শাক –সবজী ও ফল মূল উৎপাদনের কলাকৌশল ও মাঠ পর্যায়ে সচেতনতা বৃদ্ধি পাচ্ছে এবং তারা সহজে এই প্রযুক্তি গ্রহনে আগ্রহ প্রকাশ করছে।<br>আমন ধান রোপনের লক্ষ্যমাত্রা ছিল ৫৫০০ হেঃ। লক্ষ্যমাত্রা ছাড়িয়ে ৫৫০৫ হেঃ রোপন সম্পন্ন হয়েছে এবং ইতিমধ্যে ২৭০ হেঃ ধান কর্তন হয়েছে ও কর্তন কার্যক্রম চলমান রয়েছে।<br>আসন্ন রবি মৌসুমে কৃষকদের বিভিন্ন ফসলে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা প্রাপ্তি সাপেক্ষ্যে বিনামূল্যে বিতরণ করা হবে। বসতবাড়ির আঙ্গিনার পতিত জমি ব্যবহার করে সবজী ও অন্যান্য ফসল উৎপাদনের জন্য ১-১.৫ শতাংশ জায়গায় কালিকাপুর মডেলে সবজী চাষের জন্য কৃষকদের প্রশিক্ষণ ও বীজ বিতরণ করা হবে।<br>এছাড়া আম উৎপাদনের জন্য আম চাষীদের তাদের বাগানের পরিচর্যার জন্য বাগান পরিষ্কার ও ডাল ছাটাই , বালাইনাশক স্প্রে করার জন্য মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণ কার্যক্রম চলমান রয়েছে। যা আগামীতে নিরাপদ আম উদপাদনে সহায়ক ভ,মিকা রাখবে।<br>উপজেলায় সারের মজুদ সন্তোষ জনক, ইউরিয়া ১২৫ মেঃ টন, টিএসপি ৫৫ মেঃ টন, ডিএপি ৫৮ মেঃ টন, এমওপি ৪৩ মেঃ টন,এনপিকে ০২ মেঃ টন, জিপসাম ০২ মেঃ টন, দস্তা ০২ মেঃ টন মজুদ রয়েছে।<br>কৃষি উন্নয়নে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সার্বিক ভাবে চেষ্টা অব্যহত রয়েছে ও থাকবে। | বিধিমোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা। |
| ০৭ | উপজেলা মৎস্য দপ্তর | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, দেবহাটা উপজেলার গাজীরহাট মাছ বাজারে ফরমালিনের উপস্থিতি সনাক্তকরণের জন্য ফরমালিন পরীক্ষা করা হয়। পরীক্ষায় ফরমালিনের উপস্থিতি পাওয়া যায়নি।<br>গত ২৮ আগস্ট থেকে ০৩ সেপ্টেম্বর/২০২১ খ্রিঃ পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ/২০২১ যথাযথ মর্যাদায় উদযাপিত হওয়ায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দেবহাটা সাতক্ষীরা সকলকে ধন্যবাদ জানান। এছাড়া পোনা অবমুক্ত কার্যক্রম/২০২১ এর আওতায় অত্র উপজেলার ২৩টি প্রাতিষ্ঠানিক জলাশয়ে ৪০০ কেজি মাছের পোনা অবমুক্ত করা হয়েছে। | বিধি মোতাবেক সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দেবহাটা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিগত মাসে মাটি ও পানি পরীক্ষা করে (মাটির পিএইচ এবং পানির পিএইচ, অক্সিজেন, লবণাক্ততা, তাপমাত্রা ও হার্ডনেস) ২০ জন মৎস্য চাষীকে মৎস্য চাষ বিষয়ে পরামর্শ প্রদান করা হয়েছে।<br>এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৮ | উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, সেপ্টেম্বর/২০২১ খ্রিঃ মাসে অত্র উপজেলায় সক্ষম দম্পতি ২৭৪৫২ জন, স্থায়ী পদ্ধতি ০৭ জন, গ্রহণের হার ৫৮.৩৩%। আইইউডি ০৭ জন, গ্রহণের হার ৭০%। ইমপ্লান্ট ২৬ জন, গ্রহণের হার ১৩০%। ইকজেকটেবল ৩৩০৪ জন, গ্রহণের হার ৬৩.৪৮%। খাওয়ার বড়ি ১১৯৯৬ জন, গ্রহণের হার ১১২.৩০%। কনডম ২৫৫৪ জন, গ্রহণের হার ১৩৩.২২%। সিএআর সর্বমোট গ্রহণকারী ২২৩৯৭ জন গ্রহণের হার ৮১.৫৯%।<br>এছাড়া তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধিমোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয় । | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা। |
| ০৯ | উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে,<br>১। সামাজিক নিরাপত্তা বলয়ের আওতায় মোবাইল নম্বর সংশোধন ও ২০২১-২০২২ অর্থ বছরের পে-রোল প্রেরণ।<br>ক) বয়স্ক ভাতা ৬৭২২ জন, খ) বিধবা ভাতা ৩২৮৭ জন, গ) প্রতিবন্ধী ভাতা ২৫১৮ + (৩০৮) জন = ২৮২৫ জন। সর্বমোট ১২,৮৩৫ জন।<br>২) ভুল সংশোধনের জন্য গৃহীত পদক্ষেপ সমূহ<br>ক) প্রথম পর্যায়ে-তালিকা প্রিন্ট করে চেয়ারম্যান মহোদয়ের মাধ্যমে।<br>খ) দ্বিতীয় পর্যায়-প্রতিটি ইউনিয়নে ৩ দিন করে গিয়ে।<br>গ) পে-রোল প্রেরণের নির্দেশনা এসেছে<br>* বয়স্ক ভাতা প্রতি ইউনিয়ন ০৩ দিন করে মোট ১৫ দিন।<br>* বিধবা ভাতা প্রতি ইউনিয়ন ০২ দিন করে মোট ১০ দিন।<br>* প্রতিবন্ধী ভাতা প্রতি ইউনিয়ন ০১ দিন করে মোট ৫ দিন। সর্বমোট ৩০ দিন সময় লাগবে। প্রত্যেক ভাতাভোগীকে উপস্থিত হয়ে মোবাইল নম্বর যাচাইয়ে অংশ গ্রহণ করতে হবে। ফলে নির্ভুল পে-রোল প্রেরণ করা সম্ভব হবে।<br>৩) ২০২১-২২ অর্থ বছরে স্বেচ্ছাসেবী সংস্থা/ক্লাব এর অনুদান পেতে আগ্রহী তাদের ২৫/১০/২০২১ তারিখের মধ্যে জাতীয় সমাজকল্যাণ পরিষদের নির্ধারিত আবেদন ফরমে ১০০/- টাকা জমা দিয়ে আবেদন করতে হবে।<br>৪) উপজেলা পর্যায়ে ১১ সদস্য বিশিষ্ট কমিটির মাধ্যমে প্রতিবন্ধী সনদ প্রদান বিষয়ে চুড়ান্ত সিদ্ধান্ত নিতে হবে।<br>এছাড়া তার দপ্তরে কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়নের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয় । | উপজেলা সমাজসেবা কর্মকর্তা এবং সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ, দেবহাটা,সাতক্ষীরা। |
| ১০ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, অত্র দপ্তরের চলতি মাসে খাদ্য নিরাপত্তা সুনিশ্চিতকল্পে নিরাপদ প্রাণিজ আমিষ দুধ, ডিম ও মাংসের চাহিদা পূরণের নিমিত্তে কোভিড-১৯ এর মধ্যেও প্রাণিসম্পদ বিভাগীয় কার্যক্রম বিরতিহীনভাবে চলছে। বর্তমান মাসে ১০৬৯ টি প্রাণীকে ও ৯৫৭১ টি হাস মুরগীকে চিকিৎসা এবং ৫টি পোষা প্রাণির চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। ৩৭৪৪টি প্রাণীকে ও ৩৯১০০টি হাস মুরগীকে টিকা প্রদান এবং ৪০০টি গাভীকে কৃত্রিম প্রজনন এর মাধ্যমে জাত উন্নয়ন করা হয়েছে। এছাড়া গবাদি পশু-পাখির ১টি ডিজিস সার্ভিলেন্স, ০৬টি উঠান বৈঠক ও ০৯টি খামার পরিদর্শন করা হয়েছে। চলতি মাসে ১৬৬৫ মেট্রিক টন দুধ, ৩২.৫৫ লক্ষ ডিম, ১০০.০৫ মেট্রেক টন মাংস উৎপাদিত হয়েছে।<br>এছাড়া ফিফলেট বিতরণের মাধ্যমে খামারী সচেতনতা কার্যক্রম অব্যাহত রয়েছে। | বিধি মোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয় । | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দেবহাটা। |
| ১১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে,<br>১। NTRCA তে শুন্যপদের তালিকা জেলা শিক্ষা অফিসে প্রেরণ। | বিধি মোতাবেক সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য এবং উপজেলাতে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হ'ল। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দেবহাটা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২। বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের উপবৃত্তির বিকাশ নাম্বার সংশোধনী/ হালনাগাদ তথ্য প্রেরণ।<br>৩। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের কাজ শুরু।<br>৪। আসন্ন ইউপি নির্বাচনে ভোটগ্রহণের জন্য নির্বাচন অফিসে শিক্ষা প্রতিষ্ঠানের জনবলের তথ্য প্রেরণ।<br>৫। স্বাস্থ্যবিধি মেনে শিক্ষাপ্রতিষ্ঠানের পাঠ্যদান কার্যক্রম চলমাণ।<br>৬। কৈশোরকালীন পুষ্টি কার্যক্রমের আওতায় আয়রন ফলিক এসিড বিতরণের জন্য ছাত্রীদের তথ্য সংগ্রহণ।<br>এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ১২ | উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিস সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম বিধি মোতাবেক চলছে। | বিস্তারিত আলোচনান্তে বিধিমোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br>এবং নির্ধারিত সময়ে কার্যপত্র প্রেরণর জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয় । | উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা শিক্ষা কর্মকর্তা, দেবহাটা , সাতক্ষীরা। |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে,<br>* ভিজিডি কর্মসূচির আওতায় ২০২১-২২ চক্রের ০৫টি ইউনিয়নের ২৫২৪ জন নতুন উপকারভোগীর মাঝে আগষ্ট/২০২১ মাসের খাদ্যশস্য বিতরণ ও মনিটরিং সম্পন্ন করা হয়েছে।<br>*'দরিদ্র মার জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান' কর্মসূচির আওতায় ২০১৮-১৯, ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থবছরে ০৫টি ইউনিয়নের ৮০০ জন ভাতাভোগী সংশ্লিষ্ট ব্যাংক থেকে ভাতা উত্তোলন করেছেন।<br>*৩০ সেপ্টেম্বর জাতীয় কন্যা শিশু দিবস যথাযথভাবে পালন করা হয়েছে। উক্ত দিবসে ০৫টি ইউনিয়নের ০৫ জন দরিদ্র মেধাবী কন্যাশিশুকে বিনামূল্যে স্কুল ড্রেস বিতরণ করা হয়েছে।<br>* উপজেলা পর্যায়ে মহিলাদের আয়বর্ধক (আই.জি.এ) প্রশিক্ষণ প্রকল্পের ফ্যাশন ডিজাইন ও ক্রিস্টাল শো-পিচ ডেকোরেডেট ক্যান্ডেল মেকিং (মোমবাতি) ট্রেডের ৫০ জন প্রশিক্ষনার্থী নিয়ে ১২ তম ব্যাচের প্রশিক্ষণ ১৫ সেপ্টেম্বর থেকে স্বাস্থ্য বিধি মেনে যথারীতি চলছে।<br>* কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের ক্লাস সরকারি নির্দেশনা মোতাবেক স্বাস্থ্য বিধি মেনে যথারীতি চলছে।<br>* ক্ষুদ্রঋণ আদায় যথাযথ ভাবে চলছে। আদায়ের হার ১০০%।<br>এ ছাড়া অত্র অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | বিধিমোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং ইউপি চেয়ারম্যান (সকল), দেবহাটা, সাতক্ষীরা। |
| ১৪ | উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, আগষ্ট/২০২১ মাসে সমবায় সমিতি নিবন্ধন হয়েছে ০১ টি। ২০২০-২১ অর্থ বৎসরের নিরীক্ষা যোগ্য সমিতির সংখ্যা ১১০ টি যা অডিট অফিসার কর্তৃক বিগত মাস পর্যন্ত ২৭টি সমিতির নিরীক্ষা সম্পন্ন হয়েছে।<br>২০২০-২১ অর্থ বৎসরে সরকারী রাজস্ব অডিট ফি ধার্য হয়েছে ১,৪৭,০০০/- টাকা এবং সিডিএফ ধার্য হয়েছে ১,১০,৯৮০/- টাকা যা ইতিমধ্যে ৫০% আদায় করা হয়েছে। অত্র উপজেলার সমবায়ীদের সৃষ্ট নিজস্ব তহবিলের পরিমান ২,১৪,৬৫,৫১৪/= টাকা।<br>এছাড়া তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্টভাবে পরিচালিত হচ্ছে। | বিধিমোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, দেবহাটাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, দেবহাটা |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি ২০২০-২১ অর্থবছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৩৩,০০,০০০/- টাকা, সেপ্টেম্বর/২০২১ পর্যন্ত ঋণ বিতরণের পরিমাণ-২৫,০০,০০০/- টাকা। সেপ্টেম্বর/২০২১ মাসে আদায়যোগ্য ঋণর পরিমাণ ১,৩৬,৫০০/- টাকা, আদায়কৃত ঋণের পরিমাণ ১,২৯,৬৯০/- | বিধিমোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দেবহাটা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | টাকা। ঋণ আদায়ের হার ৯৫%। পরিবার ভিত্তিক আদায়যোগ্য ঋনের পরিমাণ ৮০,০০০/- টাকা, আদায়কৃত ঋণের পরিমাণ ৮০,০০০/- টাকা। আদায়ের হার ১০০%। ভ্রাম্যমান প্রশিক্ষনার্থীর লক্ষ্যমাত্রা ৪২০ জন, চলতি মাস পর্যন্ত প্রশিক্ষনার্থীর সংখ্যা ৩০ জন।<br>তিনি আরও জানান ১লা নভেম্বর/২০২১ জাতীয় যুব দিবস পালন করা হবে। সে.খানে যুবদের মাঝে ঋণ বিতরণ, প্রশিক্ষণ সনদপত্র বিতরণসহ অন্যান্য কর্মসূচী সুষ্ঠভাবে বাস্তবায়নের জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। এ ছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | | |
| ১৬ | উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, দেবহাটা সভায় জানান যে, অত্র উপজেলা নার্সারী কেন্দ্রের নার্সারীতে মজুদ চারার পরিচর্যাসহ বিভিন্ন স্থানে সৃজিত বাগান উপকারভোগী সদস্যদের মাধ্যমে রক্ষনাবেক্ষন কাজ চলছে। | বিধিমোতাবেক সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, দেবহাটা কে অনুরোধ করা হয়। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, দেবহাটা। |
| ১৭ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, সমগ্র বাংলাদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরে ৮৮টি গভীর নলকূপ ও ৪২টি রেইন ওয়াটার হারভেস্টার পাওয়া গিয়েছে। যা পরিপত্রের আলোকে বিভাজন করে দেয়া হয়েছে।<br>PEDP-4 প্রকল্পে ০৪টি ও NNGPS প্রকল্পের আওতায় ০২টি ওয়াশ ব্লকের কাজ চলমান রয়েছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধিমোতাবেক সকল সম্পন্ন করার জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) দেবহাটা কে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দেবহাটা। |
| ১৮ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রন কর্মকর্তা সভায় জানান যে, পারুলিয়া সরকারি খাদ্য গুদামে ১১৬৪.৬৫৬ মেঃ টন চাল মজুদ আছে। অত্র উপজেলায় আমন সংগ্রহ/২০২১-২০২২ ধান ও চাল সংগ্রহের বিভিন্ন কার্যক্রম চলছে। এছাড়া বিভিন্ন খাতে খাদ্য শস্য বিলিবিতরণ ও খাদ্য বান্ধব কর্মসূচি কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধিমোতাবেক সকল কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা, দেবহাটাকে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা, দেবহাটা |
| ১৯ | উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিআরডিবি একটি ক্ষুধা ও দারিদ্রমুক্ত সেবা প্রদানকারী চলমান প্রতিষ্ঠান। সেবা প্রদানকারী প্রতিষ্ঠান হিসাবে ব্যাখ্যা করে বলেন যে, ২০২০-২০২১ অর্থ বছরে সকল প্রকল্পের ঋণের লক্ষ্যমাত্রা ৭১৩.৯০ (সাত কোটি তের লক্ষ নব্বই হাজার) টাকা। অত্র দপ্তরের মূলকর্মসূচীর ব্যাংক ঋণ খাতের লক্ষ্যমাত্রা ৩১৩.৮৫ লক্ষ টাকা ১০/১০/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত বিতরণ কৃত ঋণের পরিমাণ ৫৩.৪৭ নিজস্ব তহবিলের লক্ষ্যমাত্রা ৭২.২৫ লক্ষ টাকা বিতরণকৃত ঋণের পরিমাণ ০০.০০ লক্ষ টাকা, আবর্তক কৃষি লক্ষ্যমাত্রা ১১২.০০ লক্ষ টাকা বিতরণকৃত ঋণের পরিমাণ ০০.০০ লক্ষ টাকা। সদাবিক প্রকল্পের লক্ষ্যমাত্রা ৩০.০০ লক্ষ টাকা, বিতরণকৃত টাকার পরিমাণ ১২.১১ লক্ষ টাকা। বীরমুক্তিযোদ্ধা প্রকল্পের লক্ষ্যমাত্রা ১৩.০০ লক্ষ টাকা বিতরণকৃত টাকার পরিমাণ ০০.০০ লক্ষ টাকা এবং ইরেসপো প্রকল্পের লক্ষ্যমাত্রা ২০০.০০ লক্ষ টাকা বিতরণকৃত ঋণের পরিমাণ ৪১.৩৬ লক্ষ টাকা। ঋণ আদায়ের হার ৯৯%। ইউআরডিও সাহেব আরও বলেন যে, অত্র উপজেলায় বিআরডিপি-৩ এর কার্যক্রম প্রকল্প হতে নির্ধারিত ০২টি ইউনিয়ন পরিষদে বরাদ্দ কৃত স্কীম প্রণয়নের মাধ্যমে স্কীম মোতাবেক কাজ সম্পন্ন করা হয়েছে এবং দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। | বিধিমোতাবেক সকল কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দেবহাটাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দেবহাটা। |
| ২০ | **বিবিধ** | **ক) পরিষদ এলাকার রাত্রিকালনি বাতি সংস্কার :**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ এলাকায় রাত্রিকালীন বাতি নষ্ট হওয়ায় অন্ধকারচ্ছন্ন থাকে। পরিষদ এলাকার রাত্রিকালীন বাতিগুলো সংস্কার ও পরিবর্তন করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। | উপজেলা প্রকৌশলী জানান যে, উক্ত কাজের ব্যয় বাবদ ৩৫,০০০/- টাকা প্রয়োজন। বিস্তারিত আলোচনান্তে উক্ত ব্যয় রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ক) মোতাবেক অনুমোদন ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **খ) পরিষদের অভ্যন্তরে সোলার প্যানেল স্থাপন সংক্রান্ত :** উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, অত্র উপজেলায় বিদ্যুতের সরবরাহ ঠিকমত না থাকায় দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করতে সমস্যা হয়। এজন্য পরিপত্র অনুযায়ী পরিষদ অভ্যন্তরে সোলার প্যানেল স্থাপন করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী দেবহাটা, সাতক্ষীরা। |
| | | **গ) খেজুরবাড়িয়া ব্রীজ এ্যাপ্রোস মেরামত সংক্রান্ত :** পারুলিয়া ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, খেজুরবাড়িয়া ব্রীজ এ্যাপ্রোস মেরামত কাজ এখনও সম্পন্ন করা হয়নি। এ বিষয়ে উপজেলা প্রকৌশলীর প্রতনিধি সভায় জানান যে, এ পর্যন্ত মোট ৪(চার) লক্ষ টাকা অপ্রত্যাশিত খাত হতে ব্যয় হয়েছে। কিন্তু সম্পূর্ণ কাজ শেষ করতে আরও টাকা ব্যয় হবে। এ বিষয়ে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | বিস্তারিত আলোচনান্তে খেজুরবাড়িয়া ব্রীজ এ্যাপ্রোস মেরামতের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল নির্দেশিকা ২০২০ এর ৩(ঘ) অনুচ্ছেদ মোতাবেক (কোন অত্যাবশ্যকীয় স্থাপনা জরুরী মেরামত) জরুরী ভিত্তিতে আরও ১(এক) লক্ষ টাকা ব্যয়ে কাজটি সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, দেবহাটা, সাতক্ষীরা। |

অত:পর সভায় আর কোন আলোচানা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**( আলহাজ্ব মোঃ মুজিবর রহমান )**
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা।

স্মারক নম্বর-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২১- তারিখ: ১৬.০৯.২০২১ খ্রিঃ।

**<u>অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:</u>**

০১। অধ্যাপক ডাঃআ.ফ.ম রুহল হক, মাননীয় সংসদ সদস্য, সাতক্ষীরা-৩ ও সভাপতি, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
০২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা।
০৬। উপজেলা ..................................................কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা।
০৭। চেয়ারম্যান, .....................................ইউপি (সকল), দেবহাটা, সাতক্ষীরা।
০৮। জনাব ...............................................................................সদস্য, উপজেলাপরিষদ সাধারণ সভা, দেবহাটা, সাতক্ষীরা।

২১/০৯/২১

**( তাছলিমা আক্তার )**
পরিচিতি নম্বর : ১৭২১২
উপজেলা নির্বাহী অফিসার
দেবহাটা, সাতক্ষীরা।
মোবা: ০১৭৭১-১১২২৪৫
ই-মেইল: unodebhata@mopa.gov.bd